ফাতওয়া নাম্বার:২৮৩ প্রকাশকালঃ২৮-০৯-২০২১ ইং

বান্দার হক ফিরিয়ে দেওয়ার উপায় কী?

প্রশ্নঃ

দ্বীনের বুঝ আসার আগে যাদের হক নষ্ট করেছি সবার হক এখন ফিরিয়ে দিতে চাই। ক্ষমা চাইলে তারা পরিচয় জানতে চান। কিন্তু আমি নিজের পরিচয় জানাতে চাচ্ছি না। এখন আমার করণীয় কী?

প্রশ্নকারী- মোঃ বেলাল

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد:

কারো হক নষ্ট করে থাকলে সে হক মালিকের কাছে পৌঁছানো জরুরী। দেয়ার সময়; আপনি যে তাদের হক নষ্ট করেছেন, এখন সেটা ফেরত দিচ্ছেন, তা বলা জরুরী নয়; বরং হাদীয়ার নাম দিয়ে বা অন্য কোনো উপায়ে হক ফিরিয়ে দিলেও চলবে।

এমনিভাবে ক্ষমা চাওয়ার জন্যও সুনির্দিষ্ট বিষয় বলা জরুরী নয়। যেমন কোনো সুযোগে বললেন, ভাই আগে তো দ্বীন বুঝিনি। কত মানুষের হক নষ্ট করেছি, কতজনকে কষ্ট দিয়েছি। আমাকে ক্ষমা করে দিয়েন!

আরও দেখুন: ফতোয়া নং ১৫৯ “বান্দার হক ফিরিয়ে না দিয়ে দান করে দিলে কি দায়মুক্ত হওয়া যাবে?”

লিংক:- https://tinyurl.com/yyhnehek

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৭-০২-১৪৪৪ হি.

২৪-০৯-২০২২ ঈ.